**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/28/2018 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

# গভর্নর কুওমো বিংহ্যামটনে 20.5 মিলিয়ন ডলার মূল্যের মিশ্র ব্যবহারের সাশ্রয়ী আবাসন বিকাশের (MIXED-USE AFFORDABLE HOUSING DEVELOPMENT) নির্মাণকাজ শুরুর ঘোষণা করলেন

***ক্যানাল প্লাজা (Canal Plaza) উত্তর দিককে (North Side) আরো পুনরুজ্জীবিত করছে - অ-সুরক্ষিত নিউ ইয়র্কবাসীর জন্য সাশ্রয়ী মূল্যে বাড়ি এবং বাণিজ্যিক স্থান এবং সহায়তামূলক পরিষেবা প্রদান করছে***

***বিনিয়োগের সম্পূরক "সাউদার্ন টিয়ার দ্রুত উন্নতি করছে (Southern Tier Soaring)" - কমিউনিটিসমূহকে পুনরুজ্জীবিত করার এবং অর্থনীতিকে শক্তিশালী করার লক্ষ্যে এই অঞ্চলের সার্বিক কৌশল***

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে 20.5 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের ক্যানাল প্লাজার নির্মাণ কাজ শুরুর ঘোষণা করলেন যা একটি সাশ্রয়ী আবাসন প্রকল্প যা বিংহ্যামটনের উত্তর দিকে 48টি অ্যাপার্টমেন্ট এবং নতুন বাণিজ্যিক স্থান প্রদান করবে। নতুন নির্মাণ প্রকল্পটি এমন জমি রূপান্তরিত এবং পুনরুজ্জীবিত করবে যা বর্তমানে অব্যবহৃত (brownfield) এবং 2011 সালে পর পর ঘূর্ণিঝড় আইরিন এবং ট্রপিক্যাল ঝড় লি এর প্রভাবে ভ্যালো মানের এবং সাশ্রয়ী আবাসনের যে উল্লেখযোগ্য আঞ্চলিক প্রয়োজন দেখা দিয়েছে তার একটি সমাধান হিসেবে কাজ করবে। এর মধ্যে থাকবে 12টি অ্যাপার্টমেন্ট যা মানসিক রোগে আক্রান্ত নিউ ইয়র্কবাসীদের সহায়তামূলক পরিষেবা প্রদান করবে।

"সুযোগ তৈরি করা এবং আমাদের শহরগুলিকে পুনরুজ্জীবিত করার জন্য নতুন সাশ্রয়ী আবাসন তৈরি করা একটি গুরুত্বপূর্ণ উপকরণ", **গভর্নর কুওমো বলেছেন।** "ক্যানাল প্লাজার সংযোজনের মাধ্যমে আমরা সাশ্রয়ী আবাসনের সুযোগ তৈরি করছি, একই সাথে আমাদের অ-সুরক্ষিত প্রতিবেশীদের সমর্থন করে এমন পরিষেবা প্রদান করছি যেহেতু আমরা সাউদার্ন টিয়ারের দ্রুত উন্নতি যেন অব্যাহত থাকে তা নিশ্চিত করতে কাজ করে যাচ্ছি।"

"পুরো স্টেট জুড়ে নিউ ইয়র্কবাসীদের জন্য সাশ্রয়ী আবাসন নিশ্চিত করতে আমাদের যে প্রচেষ্টা এই প্রকল্প সেটিকে অব্যাহত রাখছে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "বিংহ্যামটনে ক্যানাল প্লাজা শহরের উত্তর দিকে 48টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট এবং বাণিজ্যিক স্থান যোগ করবে, যা সাউদার্ন টিয়ারের পুনরুজ্জীবন এবং অর্থনৈতিক বিকাশকে অব্যাহত রাখবে।"

ক্যানাল প্লাজা নির্মিত হচ্ছে ওয়াটারফ্রন্ট পুনরুজ্জীবন পরিকল্পনা অঞ্চলে (Waterfront Revitalization Plan Area) এবং এটি উত্তর চেনাংগো রিভার করিডর ব্রাউনফিল্ড অপরচুনিটি এরিয়া (North Chenango River Corridor Brownfield Opportunity Area) -তে অবস্থিত। নিম্ন-, খুব নিম্ন- এবং অত্যন্ত নিম্ন-আয়ের পরিবারের জন্য আবাসনের ব্যবস্থা ক্যানাল প্লাজা করবে। সহায়তাামূলক আবাসিক ইউনিটগুলির ভাড়াটিয়াদের জন্য অন-সাইট সামাজিক পরিষেবা প্রদান করা হবে।

উন্নয়ন প্রকল্পে আরো অন্তর্গত হবে তিনটি বাণিজ্যিক সুইট যা মোট 15,000 স্কয়ার ফুটের সমান। এর মধ্যে একটি সুইটে থাকবে ক্যাথলিক চ্যারিটিস অব ব্রুম কাউন্টি (Catholic Charities of Broome County) এনকম্পাস হেলথ হোম (Encompass Health Home) এর কর্মকান্ড চালানোর জন্য, যা দীর্ঘস্থায়ী চিকিৎসাজনিতা এবং/অথবা আচরণগত স্বাস্থ্যসংক্রান্ত সমস্যায় আক্রান্ত মেডিকেইড এর যোগ্য প্রাপ্তবয়স্ক ও শিশুদের সহায়তা প্রদান করে।

এই প্রকল্পটিকে বিভিন্ন তহবিল এবং আর্থিক উৎস সহায়তা করছে, যার মধ্যে রয়েছে গভর্নরের ঝড় পুনরুদ্ধার অফিস (Governor's Office of Storm Recovery, GOSR) এর পক্ষ থেকে কমিউনিটি উন্নয়ন তহবিলে - দুর্যোগ পুনুরুদ্ধার (Community Development Block Grant - Disaster Recovery) এর 1.1 মিলিয়ন ডলার অনুদান। নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) দিচ্ছে ফেডারেল নিম্ন-আয়ের আবাসন কর ক্রেডিট যার থেকে উন্নয়ন প্রকল্পটির জন্য 12.8 মিলিয়ন ডলার পাওয়া যাবে, এবং HCR এর আবাসন ট্রাস্ট তহবিল কর্পোরেশন (Housing Trust Fund Corporation) দিচ্ছে 1.3 মিলিয়ন ডলার। এছাড়া এটি রুরাল এবং আরবান কমিউনিটি বিনিয়োগ তহবিল (Rural and Urban Community Investment Fund) থেকে পাচ্ছে 2 মিলিয়ন মার্কিন ডলার, পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation) এর দ্বারা বরাদ্দকৃতা ব্রাউনফিল্ড কর ক্রেডিট থেকে তোলা ইক্যুইটিতে 2.3 মিলিয়ন ডলার, সিটি অব বিংহ্যামটন হোম (City of Binghamton HOME) এর পক্ষ থেকে 100,000 ডলার এবং নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষ (Energy Research and Development Authority) এর থেকে 48,000 মার্কিন ডলার উৎসাহমূলক অনুদান (incentive grant)।

7 সেপ্টেম্বর, 2011 তে ট্রপিক্যাল ঝড় লি সাউদার্ন টিয়ারের উপর এসে আছড়ে পড়েছিল এবং এর ফলে 24 ঘন্টায় 11 ইঞ্চিরও বেশি বৃষ্টিপাত হয়। 28 অগাস্ট, 2011 এর সপ্তাহে আঘাত হানা ঘূর্ণিঝড় আইরিনের কারণে সম্পৃক্ত মাটি এবং ফুলে ওঠা সাস্কেয়ানা নদীর (Susquehanna River) সাথে এই মুষলধারে বৃষ্টি যুক্ত হয়ে জলের মাত্রা রেকর্ড ছাড়িয়ে গেছে। ফলে, চরম আকস্মিক বন্যা পরিস্থিতিতে স্থানীয় সম্প্রদায়গুলি বিপর্যস্ত হয়ে পড়ে এবং এর ফলে বাড়িঘর, ব্যবসা এবং কাঠামোগত ক্ষতি হয়। মাটির উপর বন্যার জলের উচ্চ মাত্রার কারণে বাড়িঘর, ব্যবসা এবং পৌরসভা ভবনের বেসমেন্ট এবং নিচতলা তলিয়ে যায়, যদিও এইগুলি বাঁধের পেছনে ছিল। বন্যার কারণে অনেক গুরুত্বপূর্ণ রাস্তা বন্ধ হয়ে যায়, যার ফলে বাসিন্দাদের চিকিৎসা সুবিধা, সরবরাহ এবং জরুরি পরিষেবা পাওয়া বন্ধ হয়ে যায়।

নিউ ইয়র্কবাসীদের তাঁদের ঝড়ে ক্ষতিগ্রস্ত বাড়িঘর মেরামত এবং পুনর্নির্মাণ করার জন্য GOSR ইতিমধ্যে 1 বিলিয়ন ডলারের বেশি সাহায্য প্রদান করেছে এবং উপরন্তু ক্যানাল প্লাজার মত প্রকল্পে অনুদান দিচ্ছে।

**নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়াল কমিশনার রুথঅ্যান ভিসনাউসকাস বলেছেন,** "ক্যানাল প্লাজার সাশ্রয়ী আবাসন এবং সহায়তামূলক পরিষেবা বিংহ্যামটনের উত্তর দিকের চমৎকার পুনরুজ্জীবনে অবদান রাখবে এবং সাউদার্ন টিয়ারের অর্থনীতির অগ্রগতি অব্যাহত রাখবে।"

**গভর্নরের ঝড় পুনরুদ্ধার অফিসের আবাসন, বাইআউট এবং অ্যাকুইজিশন প্রোগ্রাম (Housing, Buyout and Acquisition Programs) এর নির্বাহী পরিচালক থিবিয়া হিউট বলেছেন,** "শুধুমাত্র GOSR থেকেই 1.1 মিলিয়ন ডলার অনুদান পেয়ে সুপারস্টর্ম স্যান্ডি, ঘূর্ণিঝড় আইরিন এবং ট্রপিক্যাল ঝড় লি এর পরে আরো ভালো এবং মজবুত ভাবে পুনর্গঠনের জন্য নিউ ইয়র্ক স্টেটের যে সামগ্রিক অঙ্গীকার রয়েছে ক্যানাল প্লাজা তারই একটি প্রতিফলন। গভর্নর কুওমোর সর্বাঙ্গীণ দূরদর্শিতা দ্বারা পরিচালিত হয়ে আমরা -- একবারে একটি প্রকল্প দিয়ে -- স্টেটের আবাসন মজুত পুনর্স্থাপন করছি যাতে যেকোনো স্তরের আয় অথবা ক্ষমতাসম্পন্ন নিউ ইয়র্কবাসী একটি নিরাপদ, সাশ্রয়ী এবং মজবুত বাড়িতে থাকতে পারে যা পরবর্তী বড় ঝড়ের সামনে টিকে থাকবে।"

**মানসিক স্বাস্থ্য অফিসের (Office of Mental Health) কমিশনার ডা. অ্যান সালিভান বলেছেন,** "ক্যানাল প্লাজার সহায়তামূলক আবাসন ইউনিটগুলির ফলে মানসিকভাবে অসুস্থ মানুষেরা তাঁদের কমিউনিটিতে জীবনযাপন করতে এবং উন্নতি করতে পারবেন। তাঁদের আরোগ্যকে সহায়তা করে এমন আবাসন পেলে, মানসিক রোগী বা মাদকসেবনকারীরা তাঁদের কমিউনিটিতে মূল্যবান অবদান রাখতে পারবেন।"

**ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনসার্ভেশন (Department of Environmental Conservation, DEC) কমিশনার বেসিল সেগোস বলেছেন,** "ট্রপিক্যাল ঝড় লি এবং ঘূর্ণিঝড় আইরিনের পর, গভর্নর কুওমো প্রতিজ্ঞা করেন যে তিনি শুধু এইসব ঝড়ে হারানো জিনিস পুনর্নির্মাণই করবেন না, বরং আরো টেঁকসই কমিউনিটি তৈরি করবেন। এই প্রকল্প গভর্নরের প্রতিজ্ঞার বাস্তবায়ন এবং এটি বিংহ্যামটনের উত্তর দিকে সাশ্রয়ী আবাসন সুযোগ তৈরি করার পাশাপাশি জরুরি সহায়তামূলক পরিষেবাও প্রদান করবে। ক্ষতিগ্রস্ত এলাকাকে উৎপাদনশীল কাজে ব্যবহার করার জন্য স্টেটের ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম (Brownfield Cleanup Program) একটি শক্তিশালী হাতিয়ার, এবং ক্যানাল প্লাজা প্রকল্পের সাথে অংশীদার হতে পেরে আমরা গর্বিত। এই প্রকল্প বিংহ্যামটনের উত্তর দিক পুনরুজ্জীবিত করার গতির উপরে ভিত্তি করে গঠিত হয়েছে এবং আগামী প্রজন্মগুলির জন্য এই কমিউনিটিকে আরো শক্তিশালী করছে।"

**3D ডেভেলপমেন্টাল গ্রুপ এর প্রেসিডেন্ট এবং প্রতিষ্ঠাতা ব্রুস লেভিন বলেছেন,** "এলাকার উত্তর দিকের প্রতিবেশী অঞ্চলে শহরটি উল্লেখযোগ্য বিনিয়োগ করছে এবং ক্যানাল প্লাজা এই পুনরুজ্জীবনকে আরো অগ্রসর করবে। HCR, পরিবেশ সংরক্ষণ বিভাগ, বিংহ্যামটন শহর, এবং উন্নয়ন দলের সম্মিলিত প্রচেষ্টা যা এই প্রকল্পটিকে একটি কল্পনা থেকে আজকের বাস্তবতায় নিয়ে এসেছে তা সত্যিই অতুলনীয়।"

**এসেম্বলিওম্যান ডোনা লুপারডো বলেছেন,** "বিংহ্যামটনের একটি এলাকা, যেখানে এই অঞ্চলের সর্বোচ্চ কিছু দারিদ্র্যের হার রয়েছে, তার জন্য এই উন্নয়ন একটি স্বাগত বার্তা নিয়ে এসেছে। এইসব আবাসন ইউনিট, যার সাথে থাকবে এখানেই অবস্থিত পরিষেবা সংস্থা, বাসিন্দাদের অতি প্রয়োজনীয় স্থিতিশীলতা প্রদান করবে। স্থানীয় কর্মকর্তা এবং স্টেট সংস্থাগুলির এই জোটবদ্ধতা যা এই প্রকল্পটি সম্ভব করেছে আমি তার সাধুবাদ জানাই।"

**ব্রুম কাউন্টি এক্সিকিউটিভ জ্যাসন গার্নার বলেছেন,** "ব্রুম কাউন্টি এই প্রকল্পটিকে সমর্থন করতে পেরে গর্বিত কারণ এটি বিংহ্যামটন শহরের উত্তর দিকে অতি-জরুরি সাশ্রয়ী আবাসন নিয়ে এসেছে। এই প্রকল্পটি অংশীদারিত্বের শক্তিকে প্রদর্শন করে। কাউন্টি 2014 সালে এই সম্পত্তির মালিকানা গ্রহণ করে এবং 2015 সালে বিংহ্যামটন শহরকে 1ডলারে তা বিক্রি করে দেয়। তিন বছর পর, নিউ ইয়র্ক স্টেটের বিনিয়োগের কল্যাণে, আমরা বিশাল এই আবাসন প্রকল্পের শুরু করছি যা এই শহরের পৌর এলাকাকে পুনরুজ্জীবিত করবে।"

**মেয়র রিচার্ড সি. ডেভিড বলেছেন,** "আমরা গভর্নর কুওমো এবং নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়ালকে এই প্রকল্পে তাঁদের সহায়তার জন্য ধন্যবাদ জানাচ্ছি। 3D ডেভেলপমেন্টাল গ্রুপ অ্যান্ড কমিউনিটি পোটেনশিয়াল (3D Development Group and Community Potential) অংশীদার হিসেবে অসাধারণ এবং নেপথ্যে করা তাদের কাজ এই প্রকল্পকে অগ্রসর করার ক্ষেত্রে খুবই গুরুত্বপূর্ণ। বিংহ্যামটনে সাশ্রয়ী আবাসন সুযোগের অভাব নিয়ে বেশ অনেক বছর ধরেই বাসিন্দারা অভিযোগ করছেন। পরিবারগুলির জন্য একটি নিরাপদ, মানসম্পন্ন পরিবেশ প্রদান করবে এমন নতুন সাশ্রয়ী আবাসন প্রকল্পে মনোনিবেশ করতে আমি অঙ্গীকার করেছি। প্রতিবেশী এলাকায় স্থিতিশীলতা আনতে এবং বিংহ্যামটনের পুনরুজ্জীবন অব্যাহত রাখতে এটি মুখ্য। স্টেট স্ট্রিট বাণিজ্যিক করিডর (State Street commercial corridor) এবং আরো এলাকার পুনঃউন্নয়নের পথ প্রদর্শন করে এবং সহায়তা করে, শহরের উত্তর দিকে এই প্রকল্পটি সামাজিক রূপান্তরমূলক প্রভাব রাখবে।"

**সাউদার্ন টিয়ার সোরিংকে দ্রুতগতি করা**

আজকের ঘোষণার সম্পূরক সাউদার্ন টিয়ার সোরিং এই এলাকায় অনেক অর্থনৈতিক এবং সামাজিক উন্নতি করার একটি সম্পূর্ণ ব্লুপ্রিন্ট। এই পরিকল্পনার ভিত্তি স্থাপন করতে -- প্রতিভাশালী কর্মীদলকে আকর্ষণ, ব্যবসা উন্নতি এবং নতুনত্বে উন্নতি করার জন্য জন্য ইতিমধ্যে স্টেট 2012 সাল থেকে অঞ্চলে 6.2 বিলিয়ন ডলারেরও বেশি বিনিয়োগ করেছে। বর্তমানে, মহা মন্দার (Great Recession) পর থেকে বেকারত্ব সবচেয়ে কম হয়েছে; ব্যক্তিগত এবং কর্পোরেট আয়কর কমেছে এবং ব্যবসায় উন্নতি ও বিনিয়োগ করার জন্য বারমিংহ্যামটন, জনসন সিটি এবং কর্নিং এর মতো জায়গা বাছাই করছে। এখন, এই অঞ্চলটি ডিসেম্বর 2015 তে গভর্নর কুওমো দ্বারা ঘোষিত আপস্টেট রেভিটালাইজেশন ইনিশিয়েটিভের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট বিনিয়োগের মাধ্যমে সাউদার্ন টিয়ার সোরিংকে ত্বরান্বিত করছে। স্টেটের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য ব্যক্তিগত ব্যবসায়ীদের উদ্দীপনা দেবে - এবং এলাকার জমাকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 10,200 এরও নতুন বেশি কর্মসংস্থান তৈরি হবে। আরও তথ্য **এখানে** রয়েছে।

2013 সালে প্রতিষ্ঠিত **গভর্নরের ঝড় পুনরুদ্ধার অফিস** স্টেট জুড়ে সুপারস্টর্ম স্যান্ডি, ঘূর্ণিঝড় আইরিন এবং ট্রপিক্যাল ঝড় লি পরবর্তী পুনরুদ্ধার কাজের সমন্বয় সাধন করে। এর নিউ ইয়র্ক রাইজিং আবাসন পুনরুদ্ধার (NY Rising Housing Recovery), ক্ষুদ্র ব্যবসা (Small Business), কমিউনিটি পুনর্গঠন (Community Reconstruction), পরিকাঠামো (Infrastructure) এবং নকশা অনুযায়ী পুনর্নির্মাণ, (Rebuild By Design) কর্মসূচিগুলির মাধ্যমে GOSR ফেডারেল কমিউনিটি উন্নয়ন ব্লক অনুদান - দুর্যোগ পুনরুদ্ধার তহবিলে 4.5বিলিয়ন ডলার বিনিয়োগ করেছে যাতে চরম আবহাওয়া পরিস্থিতির জন্য নিউইয়র্ক আরো ভালোভাবে প্রস্তুত হতে পারে। GOSR এবং এর কর্মসূচিগুলির বিষয়ে আরো তথ্য অনলাইনে পাওয়া যাবে এখানে: http://stormrecovery.ny.gov/।

**নিউইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়াল (HCR)** সাশ্রয়ী আবাসন তৈরি, রক্ষা ও উন্নয়ন এবং একটি প্রাণবন্ত কমিউনিটি গঠন করতে কাজ করে। HCR গভর্নর অ্যান্ড্রু এম. কুওমোর অভূতপূর্ব 20 বিলিয়ন ডলার মূল্যের পাঁচ-বছর মেয়াদী আবাসন পরিকল্পনা (Housing Plan) বাস্তবায়নে কাজ করছে। যা 100,000টিরও বেশি ইউনিট সাশ্রয়ী আবাসন, যার মধ্যে 6,000 সহায়তামূলক অ্যাপার্টমেন্ট অন্তর্গত, তৈরি এবং রক্ষা করার মাধ্যমে সামর্থ্যের মধ্যে আবাসন তৈরি করছে এবং গৃহহীনতার সাথে লড়াই করছে। পুরো স্টেটের আবাসন সমস্যা সমাধানে এটি একটি দূরদর্শী ধাপ, এর মধ্যে অন্তর্গত একাধিক পরিবার এবং একক পরিবারের জন্য আবাসনে বিনিয়োগ, কমিউনিটির বিকাশ কৌশল উন্নয়ন, এবং ভাড়া স্থিতিশীল রাখার চেষ্টা। HCR, এর প্রোগ্রামসমূহ এবং উদ্যোগসমূহ নিয়ে আরো তথ্য জানতে, অনুগ্রহ করে ভিজিট করুন: http://www.nyshcr.org/।

###


অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার |press.office@exec.ny.gov | 518.474.8418



আনসাবস্ক্রাইব করুন